

কলমাকান্দায় পিইসি'র প্রথম দিনে অনুপস্থিত পাঁচ শতাধিক

সংবাদ : | প্রতিনিধি, কলমাকান্দা (নেত্রকোনা)

| ঢাকা, মঙ্গলবার, ২০ নভেম্বর ২০১৮

নেত্রকোনা জেলার কলমাকান্দায় এ বছর ২০১৮ প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় ৫৯৩৮ জন অংশগ্রহণের কথা থাকলেও অংশ নিয়েছে ৫৩৮৬ জন। গত রোববার উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা যায়, প্রথম দিন অনুষ্ঠিত ইংরেজি পরীক্ষায় উপজেলায় অনুপস্থিত ছিল ৫৫২ জন। এর মধ্যে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার্থী ছিল ৪৪৮ এবং ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় ১০৪ জন। উপজেলার ১৭টি পরীক্ষা কেন্দ্রে ১০.৩০টা থেকে ১টা পর্যন্ত এক যুগে পরীক্ষা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. জাকির হোসেন উপজেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পর্যবেক্ষণ করেছেন।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. মনিরুল ইসলাম স্থানীয় গণমাধ্যম কর্মীদের জানান, এ বছর প্রথম দিনের প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। কিন্তু অনুপস্থিতির সংখ্যাটা অনেক বেশি। তবে কোন ছাত্রছাত্রী নকলের আশ্রয় না নেয়ায় সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন করতে পেরেছি।